

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৩২

কৈলাসহর, ৩০ মার্চ, ২০২৪

কৈলাসহর মহকুমাভিত্তিক দোল উৎসব

কৈলাসহরের রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে গতকাল কৈলাসহর মহকুমাভিত্তিক দোল উৎসব অনুষ্ঠিত হয়। দোল উৎসবে মহকুমার ২০টি সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব। উপস্থিত ছিলেন রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক অসীম চক্রবর্তী। অনুষ্ঠানের শুরুতে এক বর্ণাঢ্য শোভাযাত্রা কৈলাসহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।
